

১২

প্রাইভেট ইউনিভার্সিটিতে বাংলা বিভাগ চালুর আহ্বান ইউজিসির

যায়যায়দিন রিপোর্ট

যেসব প্রাইভেট ইউনিভার্সিটিতে শিক্ষার্থী সংখ্যা তিন হাজার জাদের পূর্ণাঙ্গ বাংলা বিভাগ চালুর আহ্বান জানিয়েছে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (ইউজিসি)। খুব কম প্রাইভেট ইউনিভার্সিটিতে বাংলা বিভাগ থাকায় বাংলা ভাষা, সংস্কৃতি ও ইতিহাস বিষয়ক কোর্স চালুর জন্য ইউজিসি এ আহ্বান জানায়।
ইউজিসি চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেন, পূর্ণাঙ্গ বাংলা বিভাগ চালু না করা গেলেও অন্তত বাংলা ভাষা, সংস্কৃতি ও দেশের ইতিহাস নিয়ে যেন কোর্স চালু করা হয়- এ কথা আমরা প্রাইভেট ইউনিভার্সিটি কর্তৃপক্ষকে বলছি।

দু-একটি ইউনিভার্সিটি এরই মধ্যে বাংলা ভাষা বিষয়ক কোর্স চালু করেছে।
প্রফেসর নজরুল ইসলাম বলেন, যেসব প্রাইভেট ইউনিভার্সিটিতে শিক্ষার্থীর সংখ্যা কমপক্ষে তিন হাজার সেখানে পূর্ণাঙ্গ বাংলা বিভাগ চালুর আহ্বান জানানো হয়েছে। আমাদের দেশের প্রাইভেট ইউনিভার্সিটিগুলোতে বাংলাকে গুরুত্ব না দিয়ে চাকরি-নির্ভর সাবজেক্টের ওপর বেশি জোর দেয়া হচ্ছে বলে অনেকেই অভিযোগ করেন। এ কথা স্বয়ং ইউজিসি চেয়ারম্যানও স্বীকার করে বলেন, এটা ঠিক, দেশের বেশির ভাগ বেসরকারি ইউনিভার্সিটিতে বাংলা ভাষা উপেক্ষিত। শিক্ষাবিদরা বলেন, প্রাইভেট

ইউনিভার্সিটিগুলো বাংলাকে গুরুত্ব না দিয়ে পশ্চিমি এবং ইউরোপিয়ান শিক্ষা ব্যবস্থাকে বেশি গুরুত্ব দিচ্ছে। অক্সফোর্ড ইউনিভার্সিটিতে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবিতা পড়ানো হচ্ছে, ফ্রান্সে বাংলা ডিপার্টমেন্ট রয়েছে, জার্মানিসহ ইউরোপের বিভিন্ন দেশে বাংলা পড়ানো হচ্ছে। কিন্তু বাস্তব হলে বাংলাদেশের প্রাইভেট ইউনিভার্সিটির শিক্ষার্থীরা শিখছে অন্য সংস্কৃতি, তারা জানছে না বাঙালির ইতিহাস-ঐতিহ্য।
প্রফেসর আনিসুজামান যায়যায়দিনকে বলেন, প্রাইভেট ইউনিভার্সিটির শিক্ষার্থীদের জন্য অন্ততপক্ষে বাংলায় ফাউন্ডেশন কোর্স করানো উচিত।